

# 21st India-Russia Annual Summit

November 26, 2021

## 21 তম ভারত-রাশিয়া বার্ষিক শীর্ষ সম্মেলন

নভেম্বর 26, 2021

রাশিয়ান ফেডারেশনের প্রেসিডেন্ট এইচ ই ব্লাদিমির পুতিন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর সাথে 21 তম ভারত-রাশিয়া বার্ষিক শীর্ষ সম্মেলনে যোগদান করার জন্য 6 ই ডিসেম্বর 2021 তারিখে সরকারি সফরে নিউ দিল্লি আসবেন।

শেষ ভারত-রাশিয়া বার্ষিক শীর্ষ সম্মেলন 2019 সালের সেপ্টেম্বর মাসে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর ব্লাডিভস্তক (রাশিয়া) সফরকালে। কোভিড-19 অতিমারী পরিস্থিতির কারণে 2020 সালের শীর্ষ সম্মেলন অনূষ্ঠিত করা যায় নি।

2019 -এর নভেম্বরে রাসিলিয়াতে ব্রিক্স শীর্ষ সম্মেলনের পার্শ্ব বৈঠকে দুই নেতার মধ্যে বৈঠকের পরে এটাই দুই নেতার মধ্যে প্রথম মুখোমুখি বৈঠক। বহুপাক্ষিক শীর্ষ সম্মেলনের ভার্চুয়াল বৈঠক বাদে 2019 সালের নভেম্বর মাস থেকে এখনও পর্যন্ত দুই নেতার মধ্যে 6 বার টেলিফোনে কথোপকথন হয়েছে।

দুই নেতা দ্বিপাক্ষিক সম্পর্কের অবস্থা এবং সম্ভাবনাগুলি নিয়ে পর্যালোচনা করবেন এবং দুই দেশের মধ্যে কৌশলগত অংশীদারিত্বকে আরও শক্তিশালী করার পন্থা নিয়ে আলোচনা করবেন। শীর্ষ সম্মেলনটি পারস্পরিক স্বার্থের আঞ্চলিক, বহুপাক্ষিক এবং আন্তর্জাতিক বিষয়গুলি নিয়ে মত বিনিময়ের একটি সুযোগও করে দেবে।

ভারত ও রাশিয়ায় পর্যায়ক্রমে বার্ষিক সম্মেলনের ঐতিহ্যের ধারাবাহিকতায় এই সফর। এই সফর ভারত-রাশিয়া বিশেষ এবং বিশেষ সুবিধাপ্রাপ্ত কৌশলগত অংশীদারিত্বকে আরও গতি দেবে।

নিউ দিল্লি

নভেম্বর 26, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.